

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এসআরও নং-২১০-আইন/২০১০/৫৫৯-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ (৪কক) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-১১৩-আইন/২০০৯/৫২১-মূসক এতদ্বারা রহিত করিল :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উহার অধীনে অনিষ্পন্ন কোন কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উহা রহিত হয় নাই।

২। এই প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১লা জুলাই, ২০১০ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)